

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

স্মারক নংঃ ৪৭.৬৫.০০০০.০৬৪.২২.০৫১.১২-২১৫৩

০৪।০৪।১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ১৯।০৭।২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মৃত সদস্যদের ঋণ মওকুফের নিমিত্তে প্রয়োজনীয় প্রমানাদি প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে আপনার উপজেলা কার্যালয়ের মৃত সদস্যদের তালিকা সংগ্রহ করা হয়েছে। কর্তৃপক্ষ এসব মৃত সদস্যদের ঋণ মওকুফের প্রক্রিয়া শুরু করেছেন। এ প্রক্রিয়ার অংশ হিসেবে আপনার উপজেলার মৃত সদস্যদের নিম্নরূপ প্রমানাদী হালনাগাদ তালিকাসহ প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।


- ০১। ইউনিয়ন পরিষদ/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ।
- ০২। মৃত সদস্যদের ঋণের আবেদন ফরম ও অঙ্গীকার নামা।
- ০৩। মৃত সদস্য এবং তাঁর পিতা/স্বামীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
- ০৪। সদস্যের পাশবই।

উল্লিখিত তথ্য প্রমানাদি আগামী ৩০-০৭-১৭ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

কার্যার্থে বিতরণঃ

- ০১। আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ০২। উপজেলা ব্যবস্থাপক, উপজেলা কার্যালয় (সকল)।


(মোঃ গোলাম মোস্তফা)
মহাব্যবস্থাপক
১৯/৭/১৭

অনুলিপিঃ

- ১। উপ-মহাব্যবস্থাপক, সকল, প্রধান কার্যালয়।
- ২। সহকারী মহাব্যবস্থাপক, সকল, প্রধান কার্যালয়।
- ৩। মনিটরিং কর্মকর্তা, সকল, প্রধান কার্যালয়।
- ৪। ব্যবস্থাপক (আইসিটি), তিনি পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহন করবেন।
- ৫। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। সংশ্লিষ্ট নথি।
- ৭। অফিস কপি।